

## মোজাম্বিক, দক্ষিণ আফ্রিকা, তাঞ্জানিয়া ও কেনিয়া সফরে প্রধানমন্ত্রী (৭-১১ জুলাই, ২০১৬)

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি মোজাম্বিক, দক্ষিণ আফ্রিকা, তাঞ্জানিয়া এবং কেনিয়া সফর করবেন ৭ থেকে ১১ জুলাই, ২০১৬।

৭ জুলাই প্রধানমন্ত্রী মোজাম্বিকে প্রেসিডেন্ট ন্যুইসির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করতে এবং উন্নয়নের সহযোগিতাকে জোরদার করতে।

৮-৯ জুলাই, প্রধানমন্ত্রী দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট জেকব জুমা এবং অন্যান্য শীর্ষ রাজনৈতিক নেতাদের সঙ্গে বৈঠক করবেন, দক্ষিণ আফ্রিকার সঙ্গে আমাদের ঐতিহাসিক সম্পর্ককে আরও জোরদার করার জন্য। দক্ষিণ আফ্রিকার সঙ্গে আমরা সহযোগিতামূলক এবং ঘনিষ্ঠভাবে কাজ করি বিভিন্ন বহুপাক্ষিক ফোরামে যেমন—ব্রিকস, আইবিএসএ, জি-২০ এবং বেসিক-এ। এছাড়াও আশা করা যাচ্ছে, প্রধানমন্ত্রী তাঁর সফরকালে জোহানেসবার্গ, পিটারমরিসবার্গ এবং ডারবান সফর করবেন।

১০ জুলাই, তাঞ্জানিয়ায় প্রধানমন্ত্রী বৈঠক করবেন প্রেসিডেন্ট জন পোমবে জেসফ মাগুফুলির সঙ্গে, সাধারণ স্বার্থজড়িত প্রধান বিষয়গুলির পারস্পরিক সহযোগিতা এবং বোঝাপড়া আরও উন্নত করতে।

১১ জুলাই, প্রধানমন্ত্রী যাবেন কেনিয়ায়, সেখানে প্রেসিডেন্ট কেনিয়াত্তার সঙ্গে দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা করবেন। এছাড়াও প্রধানমন্ত্রী তাঁর সফরকালে নাইরোবি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের উদ্দেশে ভাষণ দেবেন।

প্রধানমন্ত্রীর এই সফর আফ্রিকার মূল ভূখণ্ডে ভারতের ইচ্ছার প্রতিফলনকে আরও শক্তিশালী করবে এবং আমাদের আফ্রিকান অংশীদারদের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন করে উজ্জীবিত করবে, যা গত বছর অক্টোবরে আইএএফএস-৩-এ সফলভাবে নবীকরণ হয়েছিল। এই সফর সুযোগ প্রদান করবে—উচ্চপর্যায়ের রাজনৈতিক যোগাযোগকে আরও ঘনিষ্ঠ করতে এবং সাধারণ স্বার্থজনিত প্রধান বিষয়গুলির পারস্পরিক সহযোগিতা এবং বোঝাপড়া উন্নত করতে।

নয়াদিল্লি

জুলাই ০১, ২০১৬